

সংগৃহীত নং... ৭০
তারিখ... ২২/০৩/২০২০
নথি নং.....
সংস্থাপন বিভাগ, নেকটার, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১ (প্রশাসন ও অর্থ)  
www.tmed.gov.bd.

সংগৃহীত নং... ৭০  
তারিখ... ২২/০৩/২০২০  
নথি নং.....  
সংস্থাপন বিভাগ, নেকটার, বগুড়া।

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০১.১৭- ২৭০

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪২৬  
১১ মার্চ, ২০২০

**বিষয়ঃ করোনা ভাইরাস রোগ প্রতিরোধ ও চিকিৎসায় করণীয়।**

উপর্যুক্ত বিষয়ে সর্ব সাধারণ-কে অবহিত করা যাচ্ছে যে, সরকার ইতোমধ্যে করোনা ভাইরাস সংক্রমণ রোধ ও আক্রান্ত রোগীর চিকিৎসার্থে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। এ ভাইরাস সংক্রমণ রোধে সবার সতর্কতা ও সচেতনতা অতি প্রয়োজন।

০২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলকে এ পরিস্থিতি মোকাবেলায় সচেষ্ট থাকার নির্দেশ দেয়া হলো। এ পরিপ্রেক্ষিতে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) এর ওয়েবসাইটে প্রকাশিত করোনা ভাইরাসের তথ্য সম্বলিত নিম্নরূপ নির্দেশনা ও পরামর্শ অনুসরণের অনুরোধ করা হলোঃ

২০১৯ নভেল করোনা ভাইরাসঃ

অনেক প্রজাতির করোনা ভাইরাসের মধ্যে যে ০৭ (সাত)টি মানুষের দেহে সংক্রমিত হতে পারে তার একটি ২০১৯ নভেল করোনা ভাইরাস।

➤ যেভাবে ছড়ায়ঃ

- এ ভাইরাস কোন প্রাণী থেকে মানুষের দেহে ঢুকে;
- এখন মানুষ থেকে মানুষ সংক্রমণ হচ্ছে;
- করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায়; এবং
- শ্বাসতন্ত্রের মাধ্যমে (হাঁচি/কাশি/কফ/খুশু) অথবা
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসলে একজন থেকে আরেকজনে ছড়ায়।

➤ লক্ষণসমূহঃ

- ভাইরাস শরীরে ঢোকার পর সংক্রমণের লক্ষণ দেখা দিতে প্রায় ২-১৪ দিন সময় লাগে;
- বেশির ভাগ ক্ষেত্রে প্রথম লক্ষণ জ্বর;
- এছাড়া শুকনো কাশি ও গলা ব্যাথা হতে পারে;
- শ্বাসকষ্ট/নিউমোনিয়া দেখা দিতে পারে;
- অন্যান্য অসুস্থতা (ডায়াবেটিস/উচ্চ রক্ত চাপ/শ্বাসকষ্ট/হৃদরোগ/কিডনী সমস্যা/ক্যান্সার ইত্যাদি) থাকলে অরগ্যান ফেইলিওর বা দেহের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ বিকল হতে পারে।

➤ প্রতিকারঃ

- যেহেতু এই ভাইরাসটি নতুন, তাই এর কোন টিকা/ভ্যাকসিন এখনো তৈরি হয়নি;
- চিকিৎসা লক্ষণভিত্তিক।

প্রাপ্তি নং- ২৯৪
তারিখঃ- ২২/৩/২০২০
উপ-পরিঃ / প্রশিঃ সমঃ / ক্রয় কমিটিঃ কার্যঃ / সহঃ সমঃ / প্রকৌঃ / পরীক্ষা দিসার / সংস্থাপন / হোস্টেল / স্টোর কম্পিঃ / গবেঃ সমঃ / লাইঃ/ পি.এ
✓ পরিচালক এনএসটিএআর, বগুড়া

চলমান পাতা-০২


➤ প্রতিরোধে করণীয়ঃ

✚ ব্যক্তিগত সচেতনতা-

- ✓ ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুতে হবে (অন্তত ২০ সেকেন্ড যাবৎ);
- ✓ অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করা যাবে না;
- ✓ ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলতে হবে;
- ✓ হাঁচি/কাশির সময় বাহু/টিস্যু/কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে হবে;
- ✓ অসুস্থ পশু-পাখির সংস্পর্শ পরিহার করতে হবে;
- ✓ মাছ-মাংস ভালোভাবে রান্না করে খেতে হবে;
- ✓ অসুস্থ হলে ঘরে অবস্থান করতে হবে, বাইরে যাওয়া অত্যাাবশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে হবে;
- ✓ জরুরি প্রয়োজন ব্যতিত বিদেশে ভ্রমণ করা থেকে বিরত থাকতে হবে;
- ✓ প্রবাসী আত্মীয়স্বজনকে জরুরি প্রয়োজন ছাড়া বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করতে হবে;
- ✓ প্রয়োজন ছাড়া যেকোন জনসমাগম এড়িয়ে চলতে হবে; এবং
- ✓ অত্যাাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করতে হবে।

➤ সন্দেহভাজন রোগীর ক্ষেত্রে করণীয়ঃ

- ✓ অসুস্থ রোগীকে ঘরে থাকতে হবে;
- ✓ মারাত্মক অসুস্থ রোগীকে জরুরি ভিত্তিতে নিকটস্থ হাসপাতালে নিয়ে যেতে হবে;
- ✓ রোগীকে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে হবে;
- ✓ রোগীর নাম, বয়স, যোগাযোগের জন্য পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে; এবং
- ✓ আইইডিসিআর এর করোনা কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) যোগাযোগ করতে হবে।

  
(এস এম মাহাবুবুর রহমান)  
যুগ্মসচিব (প্র. ও অর্থ)  
ফোন: ৯৫৭৫৬৬৭  
jstmed7@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা (তীর অধিক্ষেত্রাধীন সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০ (তীর অধিক্ষেত্রাধীন সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তীর অধিক্ষেত্রাধীন সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা (তীর অধিক্ষেত্রাধীন সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৫. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া (তীর অধিক্ষেত্র সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৬. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর (তীর অধিক্ষেত্র সকলকে উল্লিখিত নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।